দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAR 2016
পৃষ্ঠা ২৬ কলাম ৪

বাংলাদেশ শিক্ষক সমিতি

# নতুন স্কেলে বেতন প্রদানের দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভা সমিতির সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরীর সভাপতিত্বে শনিবার ৬০ লক্ষীবাজারে টিচার্স টাওয়ার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় জেলা শাখার সভাপতি ও সচিব উপস্থিত ছিলেন। সভায় সমিতির মহাসচিব ইয়াদ আলী খান মার্চ মাসের এমপিওতে বকেয়াসহ, নতুন স্কেলে বেতন প্রদানের জন্য সরকারের প্রতি জোর দাবি জানান। অন্যথায় ১৫ এপ্রিলের পর হতে পাঠদান বন্ধসহ শিক্ষকগণ যে কোন কঠোর কর্মসূচী দিতে বাধ্য হবে। -বিজ্ঞপ্তি